বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১২৯

তারিখ: ০১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ঈদুল আজহা ২০২৫ পরবর্তী বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান এবং পুঁজিবাজার অংশীজনদের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় প্রসঙ্গে।**

ঈদুল আজহা ২০২৫ পরবর্তী প্রথম কর্মদিবস অদ্য ১৫ জুন ২০২৫ তারিখে পুঁজিবাজার সংশ্লিষ্টদের সাথে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১০:৩০ ঘটিকায় বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ দেশের পুঁজিবাজারের অংশীজন প্রতিষ্ঠান ও সংগঠনসমূহের প্রতিনিধিদের সাথে বিএসইসি'র মাল্টিপারপাস হলে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন। এসময় সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর চেয়ারম্যান জনাব তপন চৌধুরী, ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশের (আইসিবি) পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অধ্যাপক আবু আহমেদ, ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর প্রেসিডেন্ট জনাব সাইফুল ইসলাম, চট্টগ্রাম স্টক এক্সেচেঞ্জ পিএলসি (সিএসই) এর চেয়ারম্যান জনাব একেএম হাবিবুর রহমান, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর চেয়ারম্যান মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) মো. ওয়াহিদ উজ জামান (বিএসপি, বার; এনডিসি; এওডাব্লিউসি; পিএসসি; টিই, এলপিআর), বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (বিএমবিএ) এর প্রেসিডেন্ট জনাব মাজেদা খাতুন, ঢাকা স্টক এক্সেচেঞ্জ পিএলসি (ডিএসই) এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব সাত্বিক আহমেদ শাহসহ ডিএসই'র বোর্ড সদস্যগণ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবদুল মোতালেবসহ সিডিবিএল এর বোর্ড সদস্যগণ, সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর বোর্ড সদস্যগণ, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটসের মহাপরিচালক ড. তৌফিক আহমেদ চৌধুরী, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেটের নির্বাহী প্রেসিডেন্ট (ভারপ্রাপ্ত) জনাব নাজমুছ সালেহীন, বিএসইসি গঠিত পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সদস্য ডিএসই'র সাবেক ব্যবস্থাপনা পরিচালক কে এ এম মাজেদুর রহমান ও হুদা ভাসি চৌধুরী অ্যান্ড কোং-এর জ্যেষ্ঠ অংশীদার এ এফ এম নেসার উদ্দীন, বিএসইসি গঠিত পুঁজিবাজার অনুসন্ধান ও তদন্ত কমিটির সদস্য আর্থিক খাত বিশেষজ্ঞ জনাব জিয়া ইউ আহমেদ ও এনবিআর এর সাবেক সদস্য জনাব মোঃ শফিকুর রহমান, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ এর শীর্ষ প্রতিনিধিবৃন্দ, ক্যাপিটাল মার্কেট জার্নালিস্টস ফোরামের (সিএমজেএফ) সভাপতি গোলাম সামদানী ভূঁইয়া ও সাধারণ সম্পাদক আবু আলীসহ দেশের পুঁজিবাজার সংশ্লিষ্ট অংশীজনদের আরো অনেকে উপস্থিত ছিলেন।

এছাড়াও দুপুর ১২:০০ ঘটিকায় পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের সংগঠনগুলোর প্রতিনিধিদের সাথে একটি পৃথক ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিনিয়োগকারীদের সংগঠনগুলোর পক্ষ থেকে সংগঠনগুলোর সভাপতি ও সাধারণ সম্পাদকসহ শীর্ষ প্রতিনিধিবৃন্দ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এরপর দুপুর ২:৩০ ঘটিকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বিএসইসি'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, কমিশনার জনাব মোঃ আলী আকবর ও কমিশনার জনাব জনাব ফারজানা লালারুখ-সহ বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে বিএসইসি'র চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণ বিএসইসি'র সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৫/০৬/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র








